

■ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৫১ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫০]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৩: সবর (ধৈর্যের) বিবরণ

(3) _ باب الصبر

আরবী

وعن ابن عباس رضي الله عنهما قال: قدم عيينة بن حصن فنزل على ابن أخيه الحر بن قيس، وكان من النفر الذين يدنيهم عمر رضي الله عنه، وكان القراء أصحاب مجلس عمر رضي الله عنه ومشاورته كهولاً كانوا أو شباناً، فقال عيينة لابن أخيه: يا ابن أخي لك وجه عند هذا الأمير فاستأذن لي عليه، فاستأذن فأذن عمر. فلما دخل قال: هي يا ابن الخطاب، فوالله ما تعطينا الجزل ولا تحكم فينا بالعدل، فغضب عمر رضي الله عنه حتى هم أن يوقع به، فقال له الحر: يا أمير المؤمنين إن الله تعالى قال لنبيه صلى الله عليه وسلم: (خذ العفو وأمر بالعرف وأعرض عن الجاهلين) (الأعراف 198:). وإن هذا من الجاهلين، والله ما جاوزها عمر حين تلاها، وكان وقافاً عند كتاب الله تعالى. (رواه البخارى)).

বাংলা

২৬/৫১। ইবনু আব্বাস বর্ণনা করেন যে, উয়াইনাহ ইবনু হিসন এলেন এবং তাঁর ভাতিজা হুর্র ইবনু কাইসের কাছে অবস্থান করলেন। এই (হুর্র) উমার রাদিয়াল্লাহু 'আনহু-এর খেলাফত কালে ঐ লোকগুলির মধ্যে একজন ছিলেন যাদেরকে তিনি তাঁর নিকটে রাখতেন। আর কুরআন বিশারদগণ বয়স্ক হন অথবা যুবক দল তাঁরা উমার রাদিয়াল্লাহু 'আনহু-এর সভাষদ ও পরামর্শদাতা ছিলেন। উয়াইনাহ তাঁর ভাতিজাকে বললেন, 'হে আমার ভ্রাতুপ্পুত্র! এই খলীফার কাছে তোমার বিশেষ সম্মান রয়েছে। তাই তুমি আমার জন্যে তাঁর সঙ্গে সাক্ষাৎ করার অনুমতি চাও।' ফলে তিনি অনুমতি চাইলেন। সুতরাং উমার তাকে অনুমতি দিলেন। অতঃপর যখন উয়াইনাহ ভিতরে প্রবেশ করলেন, তখন উমার (রাদিয়াল্লাহু 'আনহু)কে বললেন, 'হে ইবনু খাত্ত্বাব! আল্লাহর কসম! আপনি আমাদেরকে পর্যাপ্ত দান দেন না এবং আমাদের মধ্যে ন্যায় বিচার করেন না!'

(এ কথা শুনে) উমার রাদিয়াল্লাহু 'আনহু রাগাম্বিত হলেন। এমনকি তাকে মারতে উদ্যত হলেন। তখন হুর্র তাঁকে



বললেন, 'হে আমীরুল মু'মেনীন! আল্লাহ তা'আলা তাঁর নবীকে বলেন, ''তুমি ক্ষমাশীলতার পথ অবলম্বন কর। ভাল কাজের আদেশ প্রদান কর এবং মূর্খিদিগকে পরিহার করে চল।'' সূরা আল আরাফ ১৯৮ আয়াত) আর এ এক মূর্খ।' আল্লাহর কসম! যখন তিনি (হুর্র) এই আয়াত পাঠ করলেন, তখন উমার রাদিয়াল্লাহু 'আনহু একটুকুও আগে বাড়লেন না। আর তিনি আল্লাহর কিতাবের কাছে (অর্থাৎ তাঁর নির্দেশ শুনে) সত্বর থেমে যেতেন।[1]

English

(3) Chapter: Patience and Perseverance

Ibn 'Abbas (May Allah be pleased with them) reported:
'Uyainah bin Hisn came to Al-Madinah and stayed with his nephew Hurr bin
Qais who was among those whom Umar (May Allah be pleased with him)
showed favour to. The knowledgeable people (Qurra'), whether they were
old or young, had the privilege of joining Umar's council and he used to
consult them. 'Uyainah said to Hurr: "My nephew, the Leader of the
Believers shows favour to you. Will you obtain permission for me to sit with
him?" Hurr asked 'Umar and he accorded permission. When 'Uyainah came
into the presence of 'Umar, he addressed him thus: "O son of Khattab, you
neither bestow much on us nor deal with us justly." 'Umar (May Allah be
pleased with him) got angry and was about to beat him up when Hurr said:

"O Leader of the Believers, Allah said to His Prophet (ﷺ): 'Show forgiveness, enjoin what is good, and turn away from the foolish (i.e., don't punish them).' (7:199) This one is from the ignorants. When Hurr recited this, 'Umar became quite motionless in his seat. He always adhered strictly to the Book of Allah.

[Al-Bukhari].

ফুটনোট

[1] সহীহুল বুখারী ৪৬৪২, ৭২৮৬।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন